



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

তথ্য মন্ত্রণালয়

১২৫/এ, দারুস সালাম, এ.ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
পিএবিএক্স- ৫৫০৭৯৪৩৮-৪২, ফ্যাক্স- ৫৫০৭৯৪৪৩
E-mail-dg@nimc.gov.bd, web-www.nimc.gov.bd

“ দু’টি সন্তানের বেশি নয়, একটি হলে ভাল হয়।”

স্মারক: ১৫.৫৫.০০০০.৩০৫.০৭.০০৯.১৭.৫৭৬০(৫)


তারিখঃ ২৯ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: Request For Quotation (RFQ) Method অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিল।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের দাপ্তরিক ও প্রশিক্ষণ কাজে ব্যবহারের জন্য ০৪ (চার) টি ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার সরবরাহের জন্য Request For Quotation (RFQ) Method অনুযায়ী দরপত্র প্রস্তাব আহবান করা হয়েছে। ইনস্টিটিউট কর্তৃক প্রস্তুতকৃত Schedule সংগ্রহ করে আপনার প্রতিষ্ঠানকে দরপত্র প্রস্তাবে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। দরপত্র জমাদানের সর্বশেষ তারিখ ১৭ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ বেলা ২:৩০ মিনিট পর্যন্ত। একই তারিখ বেলা ৩:০০ টায় Tender Evaluation Committee (TEC) কর্তৃক দরপত্র প্রস্তাব খোলা ও প্রাপ্ত দরপত্র মূল্যায়নের পর বিধি অনুযায়ী সরবরাহ আদেশ প্রদান করা হবে।

শর্তাবলীঃ-

০১. ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার সরবরাহের পর জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক মহোদয় প্রদত্ত ব্যয় মঞ্জুরীর ভিত্তিতে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার (তথ্য) মাধ্যমে বিলের মূল্য পরিশোধ করা হবে।
০২. দরপ্রস্তাব গ্রহণের বিষয়ে অত্র ইনস্টিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং সংগৃহীত কোটেশনের বিপরীতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের দাপ্তরিক ও প্রশিক্ষণ কাজে ব্যবহারের জন্য ০৪ (চার) টি ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার সরবরাহের বিষয়টি অত্র ইনস্টিটিউটের এখতিয়ারভুক্ত।
০৩. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণ করে ক্রয় কার্য সম্পন্ন করা হবে।
০৪. সংশ্লিষ্ট পণ্যাদি সঠিক ও সম্পূর্ণ নতুন হবে।
০৫. দরপত্র গ্রহণ এবং খোলার দিন অনিবার্য কারণবশতঃ অফিস বন্ধ থাকলে পরবর্তী অফিস খোলার দিন দরপত্র গ্রহণ এবং খোলা হবে।


মোহা: আব্দুস সালাম
প্রোগ্রামার (চলতি দায়িত্ব)
মহাপরিচালকের পক্ষে
দূরাঃ ৫৫০৭৯৪৩৭

বিতরণঃ-

- ১। নোটিশ বোর্ড, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
- ২। প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। নোটিশ বোর্ড, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
- ৪। মেসার্স
- ৫। সংশ্লিষ্ট নথি।